গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৭১/২০১৯-২০২০

ঢাকা, ৩ অক্টোবর বৃহস্পতিবার ২০১৯, ১৮ আশ্বিন ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বাংলাদেশ নৌবাহিনী আন্তর্জাতিকভাবে ত্রিমাত্রিক নৌবাহিনীর মর্যাদা পেয়েছে :
বানৌজা তিতুমীরকে ন্যাশনাল স্ট্যান্ডার্ড প্রদান অনুষ্ঠানে রাষ্ট্রপতি

২। প্রধানমন্ত্রী চার দিনের সফরে ভারত যাচ্ছেন আজ
এনআরসি, রোহিঙ্গা, তিস্তাসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হবে

৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে পাকিস্তানের প্রধানমন্ত্রীর ফোন

৪। বঙ্গবন্ধু স্যাটেলাইটে টিভি চ্যানেলসমূহের বাণিজ্যিক সম্প্রচার উদ্বোধন
দল, আত্মীয়, পরিবার কাউকেই ছাড় দেওয়া হবে না : দুর্নীতির বিরুদ্ধে প্রধানমন্ত্রীর হুঁশিয়ারি

৫। কুড়িগ্রাম এক্সপ্রেস আগামী ১৬ অক্টোবর উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

৬। আওয়ামী লীগের সহযোগী সংগঠনগুলোর সম্মেলন করার নির্দেশ প্রধানমন্ত্রীর

৭। জাতীয় মানবাধিকার কমিশনকে নাগরিক অধিকার সমুন্নত রাখার আহ্বান স্পিকারের

৮। রোহিঙ্গাদের পরিচয়পত্র দেবে মিয়ানমার : পররাষ্ট্রমন্ত্রী

৯। দু-একদিনের মধ্যে পেঁয়াজের দাম ৬০ টাকায় নেমে আসবে : বাণিজ্যমন্ত্রী

১০। পেঁয়াজ আমদানিতে ঋণের সুদ সর্বোচ্চ ৯ শতাংশ : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

১১। আগাম বৃষ্টির কারণে পেঁয়াজ উৎপাদন কম হয়েছে : কৃষিমন্ত্রী

১২। সরকার অবকাঠামোগত উন্নয়নকে অগ্রাধিকার দিয়েছে : সিঙ্গাপুরে আইনমন্ত্রী

১৩। আগামী বছর ডাবল লাইনের বঙ্গবন্ধু রেল সেতু নির্মাণ কাজ শুরু হবে : রেলমন্ত্রী

১৪। ১ হাজার ৭৩৯ কোটি টাকার তিনটি ক্রয় প্রস্তাব মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন

১৫। রেমিট্যান্সে ২ শতাংশ প্রণোদনার অর্থ দেওয়া শুরু : অর্থমন্ত্রী

১৬। খাতভিত্তিক দক্ষতা বাড়ানো হবে : উৎপাদনশীলতা দিবসে শিল্পমন্ত্রী

১৭। বাংলাদেশে বিনিয়োগ করুন : যুক্তরাষ্ট্র প্রবাসীদের প্রতি বাণিজ্যমন্ত্রীর আহ্বান

১৮। সৌদিতে নারী শ্রমিক নির্যাতন রোধে সরকার কাজ করছে : সিলেটে প্রবাসী কল্যাণমন্ত্রী

চলমান পাতা-২

**১। বাংলাদেশ নৌবাহিনী আন্তর্জাতিকভাবে ত্রিমাত্রিক নৌবাহিনীর মর্যাদা পেয়েছে :**
**বানৌজা তিতুমীরকে ন্যাশনাল স্ট্যান্ডার্ড প্রদান অনুষ্ঠানে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, বর্তমান সরকারের সামগ্রিক উন্নয়নের ধারাবাহিকতায় নৌবহরে সাবমেরিন সংযোজনের মাধ্যমে বাংলাদেশ নৌবাহিনী আন্তর্জাতিক পরিমণ্ডলে ত্রিমাত্রিক নৌবাহিনী হিসাবে সুপ্রতিষ্ঠিত হয়েছে। আমাদের ভবিষ্যৎ প্রজন্মের নৌ-সদস্যগণ মহান দেশপ্রেমে উজ্জীবিত হয়ে দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষার পাশাপাশি বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ায় গুরুত্বপূর্ণ অবদান রাখবে। গতকাল (২ অক্টোবর বুধবার) খুলনার খালিশপুরে বিএনএস তিতুমীরে বানৌজা তিতুমীরকে ন্যাশনাল স্ট্যান্ডার্ড প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি এ কথা বলেন। সূত্র **: ইত্তেফাক (**পৃ.২,ক.২**), জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

**২। প্রধানমন্ত্রী চার দিনের সফরে ভারত যাচ্ছেন আজ**
**এনআরসি, রোহিঙ্গা, তিস্তাসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হবে**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা চার দিনের সরকারি সফরে আজ (৩ অক্টোবর বৃহস্পতিবার) নয়াদিল্লি যাচ্ছেন। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আমন্ত্রণে এ সফর। সফরের প্রথম দুই দিনে প্রধানমন্ত্রী বিশ্ব অর্থনৈতিক ফোরাম আয়োজিত ‘ইন্ডিয়া ইকোনমিক সামিট’-এ যোগ দেবেন। সফরের শেষ দুই দিন ৫ ও ৬ অক্টোবর প্রধানমন্ত্রী দ্বিপাক্ষিক সফর করবেন। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে ঐতিহাসিক হায়দরাবাদ হাউজে দ্বিপাক্ষিক স্বার্থসংশ্লিষ্ট সব বিষয়ে আলোচনা করবেন। পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন গতকাল (২ অক্টোবর বুধবার) এক সংবাদসম্মেলনে একথা বলেন। পররাষ্ট্রমন্ত্রী জানান, দুই প্রধানমন্ত্রীর দ্বিপাক্ষিক আলোচনায় সীমান্ত হত্যা, বাণিজ্য সহায়তা, নৌপরিবহণ, বন্দর ব্যবস্থাপনা, বাংলাদেশ, ভুটান, ভারত ও নেপালকে নিয়ে গঠিত উপ-আঞ্চলিক জোট, অভিন্ন নদীর পানি বণ্টন-সংক্রান্ত কাঠামো চুক্তি, রোহিঙ্গা, উন্নয়ন, জ্বালানিসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হবে। সব মিলিয়ে **১০-১২**টি চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষর হতে পারে বলে পররাষ্ট্রমন্ত্রী জানান। সূত্র **: সমকাল** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১.ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে পাকিস্তানের প্রধানমন্ত্রীর ফোন**

পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খান গতকাল বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফোন করে কুশল বিনিময় করেছেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম জানান, পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খান গতকাল (২ অক্টোবর বুধবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফোন করে কুশল বিনিময় করেন। তিনি বলেন, পাকিস্তানের প্রধানমন্ত্রী সম্প্রতি লন্ডনে বাংলাদেশের প্রধানমন্ত্রীর চোখের অস্ত্রোপচার সম্পর্কে খোঁজখবর নেন। সূত্র **: ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৪। বঙ্গবন্ধু স্যাটেলাইটে টিভি চ্যানেলসমূহের বাণিজ্যিক সম্প্রচার উদ্বোধন**
**দল, আত্মীয়, পরিবার কাউকেই ছাড় দেওয়া হবে না : দুর্নীতির বিরুদ্ধে প্রধানমন্ত্রীর হুঁশিয়ারি**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্ত্রাস-জঙ্গিবাদ, মাদক ও দুর্নীতির বিরুদ্ধে কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করে বলেছেন, আমরা অভিযান শুরু করেছি, এ অভিযান অব্যাহত থাকবে। সে যেই হোক না কেন, এখানে দল-মত, আত্মীয়-পরিবার বলে কিছু নেই। এসব অপকর্মের সঙ্গে জড়িত থাকলে দল-পরিবার নির্বিশেষে কাউকেই ছাড় দেওয়া হবে না। যারাই এর সঙ্গে সম্পৃক্ত থাকবে, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেব। সরকার দেশের উন্নয়ন প্রকল্পের অর্থ রক্ষায় দৃঢ়প্রতিজ্ঞ। গতকাল ( ২ অক্টোবর বুধবার) প্যান প্যাসিফিক হোটেল সোনারগাঁওয়ে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১-এর মাধ্যমে বেসরকারি টিভি চ্যানেলগুলোর বাণিজ্যিক সম্প্রচারের আনুষ্ঠানিক উদ্বোধনকালে তিনি এ কথা বলেন। অনুষ্ঠান থেকে সুইচ চেপে একযোগে এ সম্প্রচার কার্যক্রমের আনুষ্ঠানিক যাত্রা শুরু করেন প্রধানমন্ত্রী। এর ফলে বিদেশি স্যাটেলাইট সংস্থাগুলোকে প্রদত্ত বিপুল অঙ্কের বৈদেশিক মুদ্রা সাশ্রয়ে সক্ষম হবে দেশিয় বেসরকারি টেলিভিশন চ্যানেলগুলো। ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোস্তাফা জব্বার এবং তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ অনুষ্ঠানে বক্তব্যে রাখেন। সূত্র **: ইত্তেফাক (**পৃ.১,ক.১**), জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

**৫। কুড়িগ্রাম এক্সপ্রেস আগামী ১৬ অক্টোবর উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

আগামী **১৬** অক্টোবর ভিডিও কনফারেন্সের মাধ্যমে ঢাকা-কুড়িগ্রাম রুটে প্রথম আন্তঃনগর ট্রেনের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বাংলাদেশ রেলওয়ের মহাব্যবস্থাপক (পশ্চিমাঞ্চল) হারুন অর রশীদ জানান, পঞ্চগড় এক্সপ্রেস ট্রেন উদ্বোধনকালে প্রধানমন্ত্রী কুড়িগ্রাম থেকে নতুন ট্রেন চালু করতে বলেছিলেন। আমরা সে অনুযায়ী প্রস্তুতি নিয়েছি। সূত্র **: ইত্তেফাক (**পৃ.২,ক.৭**)**।

**৬। আওয়ামী লীগের সহযোগী সংগঠনগুলোর সম্মেলন করার নির্দেশ প্রধানমন্ত্রীর**

আওয়ামী লীগের কেন্দ্রীয় সম্মেলনের আগেই দলের সহযোগী সংগঠনগুলোর মেয়াদোত্তীর্ণ কমিটি পুনর্গঠনে সম্মেলন আয়োজনের নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী ও দলীয় সভানেত্রী শেখ হাসিনা। সহযোগী সংগঠনগুলোর নেতাদের এ বিষয়ে প্রস্তুতিও নিতে বলেছেন তিনি। গতকাল (২ অক্টোবর বুধবার) গণভবনে দলের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের নেতাদের সঙ্গে এক জরুরি বৈঠকে তিনি এ নির্দেশনা দেন। সূত্র **: ইত্তেফাক (**পৃ.১৯,ক.১**), জনকণ্ঠ** (পৃ.১,ক.২)।

**৭।	জাতীয় মানবাধিকার কমিশনকে নাগরিক অধিকার সমুন্নত রাখার আহ্বান স্পিকারের**

নারী ও শিশুসহ সব নাগরিকের অধিকার সমুন্নত রাখতে জাতীয় মানবাধিকার কমিশনকে সোচ্চার হওয়ার আহ্বান জানিয়েছেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। সংসদ ভবনে গতকাল (২ অক্টোবর বুধবার) জাতীয় মানবাধিকার কমিশনের নবনিযুক্ত চেয়ারম্যান নাসিমা বেগমের নেতৃত্বে কমিশনের সদস্যরা তাঁর সঙ্গে সাক্ষাৎকালে তিনি এ আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **সংবাদ** (পৃ.৪,ক.২), **নিউ নেশন** (পৃ.৩,ক.৬)।

**৮।	রোহিঙ্গাদের পরিচয়পত্র দেবে মিয়ানমার : পররাষ্ট্রমন্ত্রী**

গণহত্যা ও নির্যাতনের মুখে পালিয়ে বাংলাদেশে এসে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের পরিচয়পত্র দিতে মিয়ানমার সম্মত হয়েছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। একইসঙ্গে রোহিঙ্গা প্রত্যাবাসনে যৌথ কমিশন গঠিত হচ্ছে। গতকাল (২ অক্টোবর বুধবার) বাংলাদেশ এন্টারপ্রাইজ ইনস্টিটিউটের (বিইআই) উদ্যোগে 'সহিংসতা ও উগ্রবাদ প্রতিরোধে যুব সমাজের ভূমিকা- উত্তরবঙ্গ থেকে অভিজ্ঞতা' শিরোনামে আয়োজিত গোলটেবিল আলোচনাসভায় সাংবাদিকদের সঙ্গে আলাপকালে পররাষ্ট্রমন্ত্রী এ কথা জানান। তিনি বলেন, জাতিসংঘের সাধারণ অধিবেশনের সাইডলাইনে বাংলাদেশ, চীন ও মিয়ানমারের সঙ্গে ত্রিপক্ষীয় বৈঠকে কার্যকর ও দৃঢ় আলোচনা হয়েছে। রোহিঙ্গা সংকট মিয়ানমারের তৈরি এবং এর সমাধান তাদেরই করতে হবে সে বিষয়টিতে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে প্রায় সব দেশ মত দিয়েছে বলেও জানান পররাষ্ট্রমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**৯।	দু-একদিনের মধ্যে পেঁয়াজের দাম ৬০ টাকায় নেমে আসবে : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন, দু-একদিনের মধ্যে পেঁয়াজের দাম ৬০ টাকায় নেমে আসবে। কারণ ইতোমধ্যে মিয়ানমার থেকে ৪৮৩ টন পেঁয়াজ দেশে প্রবেশ করেছে। আরও ৪০০ থেকে ৫০০ টন পেঁয়াজ আসার কথা রয়েছে। তিনি আরো বলেন, দাম নিয়ন্ত্রণে আনতে সুযোগসন্ধানী ব্যবসায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। গতকাল (২ অক্টোবর বুধবার) বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.১), **বণিক বার্তা** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৩), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

**১০।	পেঁয়াজ আমদানিতে ঋণের সুদ সর্বোচ্চ ৯ শতাংশ : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন**

পেঁয়াজ আমদানিতে ব্যাংক ঋণের সুদের হার ৯ শতাংশ নির্ধারণ করে দিল বাংলাদেশ ব্যাংক। গতকাল (২ অক্টোবর বুধবার) কেন্দ্রীয় ব্যাংক এ সংক্রান্ত এক প্রজ্ঞাপন জারি করে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

**১১।	আগাম বৃষ্টির কারণে পেঁয়াজ উৎপাদন কম হয়েছে : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক বলেছেন, আগাম বৃষ্টির কারণে পেঁয়াজ উৎপাদন কম হয়েছে। তাই দাম অস্বাভাবিকভাবে বেড়েছে। পরিস্থিতি মোকাবিলায় দ্রুত বিদেশ থেকে পেঁয়াজ আমদানি বাড়ানো হচ্ছে। গতকাল (২ অক্টোবর বুধবার) রাজধানীতে বাংলাদেশের কীটপতঙ্গের ই-সার্ভিল্যান্স এবং ফল আর্মিওয়ার্ম দমন প্রকল্পের উদ্বোধন কর্মশালায় তিনি এসব কথা বলেন। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **ইনকিলাব** (পৃ.৩,ক.৫)।

**১২।	সরকার অবকাঠামোগত উন্নয়নকে অগ্রাধিকার দিয়েছে : সিঙ্গাপুরে আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার মানব সম্পদ উন্নয়নের সঙ্গে সঙ্গে অবকাঠামোগত উন্নয়নের যোগসূত্রকে নীতিগতভাবে অগ্রাধিকার দিয়েছে, যার সুফল বাংলাদেশ পেতে শুরু করেছে। বাংলাদেশ আর্থসামাজিক উন্নয়নে উল্লেখযোগ্য অগ্রগতি লাভ করেছে। গতকাল (২ অক্টোবর বুধবার) সিঙ্গাপুরের রাজধানী সিঙ্গাপুর সিটিতে অনুষ্ঠিত এশিয়া ইনফ্রাস্ট্রাকচার ফোরামে 'স্ট্রেংদেনিং পার্টনারশিপ টু ড্রাইভ এশিয়াস ইনফ্রাস্ট্রাকচার ভিশন' শীর্ষক সভায় তিনি এসব কথা বলেন। আইনমন্ত্রী বলেন, বর্তমান সরকার ৩০০ বিলিয়ন টাকার পদ্মা সেতু, ২২ বিলিয়ন টাকার মেট্রোরেল, এলিভেটেড এক্সপ্রেসওয়ে, অনেক ফ্লাইওভার, কয়েক ডজন অর্থনৈতিক অঞ্চল এবং পায়রা সমুদ্রবন্দরসহ অনেক মেগা উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.৭), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪), **ডেইলি সান** (পৃ.১৪,ক.৬), **নিউজ টুডে** (পৃ.২.ক.১)।

**১৩।	আগামী বছর ডাবল লাইনের বঙ্গবন্ধু রেল সেতু নির্মাণ কাজ শুরু হবে : রেলমন্ত্রী**

রেলমন্ত্রী নূরুল ইসলাম সুজন বলেছেন, আগামী বছরের জানুয়ারিতে যমুনা নদীতে ডাবল লাইনের বঙ্গবন্ধু রেল সেতু নির্মাণের কাজ শুরু হবে। এছাড়া সিঙ্গেল লাইন ডাবল করার প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্প বাস্তবায়ন হলে রেল সেক্টরে ব্যাপক উন্নয়ন ঘটবে। তিনি আরো বলেন, রেলের দখলকৃত সম্পত্তি উদ্ধার করে রেলওয়ের উন্নয়নে তা বাণিজ্যিক ব্যবহারের চিন্তা-ভাবনা চলছে। গতকাল (২ অক্টোবর বুধবার) টাঙ্গাইল বঙ্গবন্ধু সেতু পূর্ব রেলস্টেশনে জামালপুর যাওয়ার সময় যাত্রাবিরতিকালে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। তথ্য প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসান এ সময় উপস্থিত ছিলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.৫,ক.৬)।

**১৪।	১ হাজার ৭৩৯ কোটি টাকার তিনটি ক্রয় প্রস্তাব মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন**

চট্টগ্রামের বারৈয়ারহাটে ৫০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন সৌরবিদ্যুৎ নির্মাণ প্রকল্পসহ মোট তিনটি প্রকল্পের অনুমোদন দিয়েছে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। এসব প্রকল্প বাস্তবায়নে ব্যয় হবে **১** হাজার **৭৩৯** কোটি **৬৩** লাখ **৩১** হাজার টাকা। গতকাল (২ অক্টোবর বুধবার) সচিবালয়ে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে অনুষ্ঠিত কমিটির বৈঠকে এ অনুমোদন দেয়া হয়। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.৩), **আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.১)।

**১৫। রেমিট্যান্সে ২ শতাংশ প্রণোদনার অর্থ দেওয়া শুরু : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, চলতি অর্থবছরের ১ জুলাই থেকে যারা রেমিট্যান্স পাঠিয়েছেন তারা ২ শতাংশ হারে নগদ প্রণোদনার অর্থ পাবেন। পৃথিবীর যেকোনো দেশ থেকে রেমিট্যান্স পাঠানো হোক না কেন তাদের এ প্রণোদনা দেওয়া হবে। গতকাল (২ অক্টোবর বুধবার) সচিবালয়ে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক শেষে সাংবাদিকদের এ কথা জানান অর্থমন্ত্রী। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

**১৬। খাতভিত্তিক দক্ষতা বাড়ানো হবে : উৎপাদনশীলতা দিবসে শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন বলেছেন, টেকসই শিল্পায়নের লক্ষ্যে চতুর্থ শিল্প বিপ্লবের সুফল কাজে লাগানো হবে। এ লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় খাতভিত্তিক দক্ষতা বাড়ানোর উদ্যোগ নিয়েছে। এর ফলে উৎপাদনশীলতা বাড়বে। উৎপাদনশীলতা বৃদ্ধির মাধ্যমে শিল্প-কারখানার প্রতিযোগিতা সক্ষমতা বাড়াতে দশ বছর মেয়াদি ন্যাশনাল প্রোডাক্টিভিটি মাস্টারপ্ল্যান প্রণয়ন করা হয়েছে। শিল্পমন্ত্রী গতকাল (২ অক্টোবর বুধবার) রাজধানীর সিরডাপ মিলনায়তনে জাতীয় উৎপাদনশীলতা দিবস উপলক্ষে আয়োজিত বৈশ্বিক প্রতিযোগিতায় উৎপাদনশীলতা শীর্ষক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা জানান। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১)।

**১৭। বাংলাদেশে বিনিয়োগ করুন : যুক্তরাষ্ট্র প্রবাসীদের প্রতি বাণিজ্যমন্ত্রীর আহ্বান**

নিজ দেশে বিনিয়োগ করতে যুক্তরাষ্ট্র-প্রবাসী বাংলাদেশিদের আহ্বান জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। প্রধানমন্ত্রী শেখ হাসিনার জাতিসংঘ সফরসঙ্গী বাণিজ্যমন্ত্রীর সম্মানে 'যুক্তরাষ্ট্র প্রবাসী উত্তরবঙ্গবাসী' আয়োজিত এক মতবিনিময় সভায় এ আহ্বান জানান তিনি। গত ১ অক্টোবর মঙ্গলবার নিউইয়র্কের ফ্রেশমেডোতে আয়োজিত এক সভায় মন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৮,ক.১)।

**১৮। সৌদিতে নারী শ্রমিক নির্যাতন রোধে সরকার কাজ করছে : সিলেটে প্রবাসী কল্যাণমন্ত্রী**

বৈদেশিক কর্মসংস্থান ও প্রবাসী কল্যাণমন্ত্রী ইমরান আহমদ বলেছেন, সৌদি আরবে বাংলাদেশি নারী শ্রমিক নির্যাতন ও হত্যা রোধে সরকার সব ধরনের প্রচেষ্টা চালাচ্ছে। নারী কর্মীদের নির্যাতনের বিষয়ে সৌদি আরবের আইনে হস্তক্ষেপের সুযোগ নেই। তবে কূটনৈতিক তৎপরতার মাধ্যমে সমস্যা সমাধানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। গতকাল (২ অক্টোবর বুধবার) সিলেট জেলা আওয়ামী লীগের বর্ধিত সভাশেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন তিনি। সূত্র : **বণিক বার্তা** (পৃ.১৫,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **যুগান্তর :** তিস্তার পানিবণ্টন ও রোহিঙ্গা প্রত্যাবাসন ইস্যুর কারণে প্রধানমন্ত্রীর এবারের ভারত সফর যথেষ্ট গুরুত্বপূর্ণ হওয়ায় এ সফর ফলপ্রসূ ও অর্থবহ হওয়ার প্রত্যাশা ব্যক্ত।

খ. **ইত্তেফাক :** রাজধানীর গাবতলী, মহাখালী, সায়েদাবাদ এবং গুলিস্তানের ফুলবাড়িয়া বাস টার্মিনালের অব্যবস্থাপনা ও অস্বাস্থ্যকর পরিবেশ তুলে ধরে সঠিক ব্যবস্থাপনা ও যথাযথ রক্ষণাবেক্ষণের মাধ্যমে এসব বাস টার্মিনালকে আরো যাত্রীবান্ধব করে তোলার সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** পেঁয়াজের দাম নিয়ন্ত্রণসহ বাজার মনিটরিংয়ে বাণিজ্য মন্ত্রণালয়কে কঠোর মনোভাব নিয়ে কাজ করার আহ্বান।

ঘ. **সংবাদ, যায়যায়দিন, ইনকিলাব, ইন্ডিপেনডেন্ট, নিউ এজ :** বৃষ্টি হলেই ঢাকা শহরে জলাবদ্ধতা দেখা দেওয়ায় রাজধানীর জলাবদ্ধতা সমস্যা দ্রুত নিরসনের সুপারিশ ।

ঙ. **ভোরের কাগজ :** রাজধানীর বিভিন্ন ফার্মেসিতে নিষিদ্ধ রেনিটিডিন বিক্রি অব্যাহত থাকায় আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করার আহ্বান।

চ. **ইন্ডিপেনডেন্ট :** বজ্রপাতের হাত থেকে রক্ষা পেতে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণসহ আবহাওয়া বার্তা যথাযথভাবে অনুসরণের ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি সান :** দেশের প্রথম কমিউনিকেশন স্যাটেলাইট বঙ্গবন্ধু-১ এর মাধ্যমে সব দেশীয় টেলিভিশন চ্যানেলের বাণিজ্যিক সম্প্রচারের পদক্ষেপকে মাইলস্টোন বলে উল্লেখ করে তা দেশের অর্থনীতিতে ব্যাপক প্রভাব ফেলবে বলে প্রত্যাশা ব্যক্ত।

জ. **অবজারভার :** জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ, মাদক ও দুর্নীতির বিরুদ্ধে চলমান অভিযান অব্যাহত রাখার ব্যাপারে প্রধানমন্ত্রীর মনোভাব তুলে ধরে এ অভিযানের আরো সফল প্রয়োগের সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিল্লি সফরের মাধ্যমে দুই প্রতিবেশি দেশের বন্ধন আরো সুদৃঢ় হওয়াসহ উভয় দেশ লাভবান হওয়ার প্রত্যাশা।

**নিবন্ধ ও ফিচার**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'শ্রমজীবী নারীর ভাগ্য রচনার পথ সহজ হোক'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, দেশের সাড়ে ৫ কোটি কর্মজীবীর মধ্যে ১ কোটি ৮০ লাখের বেশি নারী হওয়ায় কর্মক্ষেত্রে নারীদের যথাযথ অংশগ্রহণ দেশের উন্নয়ন ও সমৃদ্ধি অর্জনের পথকে আরও সুগম করবে।

#

ডালিয়া/মরজিনা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা